**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:17-10-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Union Minister Pabitra Margheita:**

কেন্দ্রীয় পররাষ্ট্র ও বস্ত্র প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা আজ খোয়াই জেলায় বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্প ও অন্যান্য বিভিন্ন প্রধান প্রকল্পে কাজের অগ্রগতি পর্যালোচনা করবেন। পরে তিনি সিমনার সনখলায় হ্যান্ড্রিক্রাফটস ক্লাস্টার ও ফটিকছড়ায় হ্যান্ডলুম এওয়ারনেস প্রোগ্রাম এবং শিশু উন্নয়ন প্রকল্পের অধীনে সমার্থ প্রশিক্ষণ পরিদর্শন করবেন। সন্ধ্যায় উদয়পুরে মাতা ত্রিপুরা সুন্দরী মন্দির দর্শন করবেন। কেন্দ্রীয় মন্ত্রী শ্রী মার্ঘেরিটা আগরতলায় সচিবালয়ে বস্ত্র মন্ত্রক এবং রাজ্য সরকারের হস্ততাঁত হস্তকারু ও রেশন শিল্প দপ্তরে আধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন। তাছাড়া তিনি আগরতলায় পূর্বাশা এম্পোরিয়াম উইভার্স সার্ভিস সেন্টার পরিদর্শন করবেন।

তিনদিনের সফরে গতকাল বিকেলে তিনি আগরতলায় আসেন। গতকালই তিনি রাজভবনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সাথে সৌজন্য সাক্ষাৎকারে মিলিত হন। আগরতলা এম বি বি বিমানবন্দরে মুখ্যমন্ত্রী ডাক্তার মানিক সাহার সঙ্গে তিনি সৌজন্য সাক্ষাতে মিলিত হন ।

রাজ্যপাল ও মুখ্যমন্ত্রীর সাথে সৌজন্য সাক্ষাতে উন্নয়নমূলক নানা বিষয় নিয়ে আলোচনা হয় বলে জানান কেন্দ্রীয় প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা । তিনি জানান, রাজ্যের উন্নয়নকে তরান্বিত করাই হলো তার সফরের মূল লক্ষ্য।

**************************

**Panisagar-Law & Order :**

পানিসাগর মহকুমার পেকুছড়া এলাকার পরিস্থিতি গতকাল সম্পূর্ণ নিয়ন্ত্রণে ছিল বলে জানিয়েছেন রাজ্য পুলিশের এআইজি আইনশৃঙ্খলা অনন্ত দাস। তিনি জানান, এলাকায় পর্যাপ্ত নিরাপত্তা বাহিনী মোতায়ন করা হয়েছে।

গত মঙ্গলবার বিকাল ৫টা থেকে ৭২ ঘন্টার জন্য উত্তর ত্রিপুরা জেলায় মোবাইল ইন্টারনেট পরিষেবা, মোবাইলে এসএমএস ও সব ধরনের প্রেস বার্তা পরিষেবা স্থগিত রাখা হয়েছে। এদিকে, ধর্মনগর ও কাঞ্চনপুর মহকুমায় জারি করা ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ১৬৩ ধারা আজ পর্যন্ত কার্যকর থাকবে।

*************************

**Oath Taking:**

হরিয়ানায় নবনির্বাচিত মুখ্যমন্ত্রী শ্রী নায়েব সিং সৈনীর শপথ গ্রহণ অনুষ্ঠানে যোগ দিতে গতকাল চন্ডীগড় পৌছেছেন রাজ্যের মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। আজ দ্বিতীয়বারের জন্য শপথ গ্রহণ করবেন শ্রী সৈনী।

*************************

**Laxmi Puja:**

ধনসম্পদ, ঐশ্বর্য্য ও খ্যাতির আরাধ্যা দেবী লক্ষীর পূজার্চনা গতকাল সন্ধ্যা ৭ টা ২৩ মিনিট থেকে শুরু হয়েছে এবং তা আজ সন্ধ্যা ৫ টা ১৭ মিনিট পর্যন্ত থাকবে। গতকাল পূর্ণিমা তিথি শুরু হওয়ার পর থেকেই সারা রাজ্যে বাড়ীবাড়ী কোজাগরী লক্ষীপূজা চলছে । চড়া বাজারমূল্য সত্বেও যে যার সাধ্যমতো যোগাড় করে নিয়েছেন দেবীপূজার নানা উপাচার।

আজও সারাদিন ধরে লক্ষ্মী মায়ের পূজা চলবে।

*************************

**DA:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে কেন্দ্রীয় মন্ত্রিসভা কেন্দ্রীয় সরকারি কর্মচারি ও পেনশন প্রাপকদের মহার্ঘভাতা আরও ৩ শতাংশ বাড়ানোর প্রস্তাবে ছাড়পত্র দিয়েছে। এতদিন প্রযোজ্য মূল বেতনের ৫০ শতাংশ হারের থেকে আরও ৩ শতাংশ বেশি হারে মহার্ঘভাতা দেওয়া হবে মূল্যবৃদ্ধির কথা মাথায় রেখে। বর্ধিত হার প্রযোজ্য হবে পয়লা জুলাই ২০২৪ থেকে। সপ্তম কেন্দ্রীয় বেতন কমিশনের সুপারিশ অনুযায়ী এই বৃদ্ধি। এর ফলে প্রতি বছর সরকারের খরচ হবে অতিরিক্ত ৯,৪৪৮ কোটি ৩৫ লক্ষ টাকা। মন্ত্রিসভার এই সিদ্ধান্তে ৪৯ লক্ষ ১৮ হাজার কেন্দ্রীয় সরকারি কর্মচারি এবং ৬৪ লক্ষ ৮৯ হাজার পেনশন প্রাপক উপকৃত হবেন।

**********************

**iGOT Lab:**

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার এবং সংসদীয় বিষয়ক প্রতিমন্ত্রী ড. এল. মুরুগান মন্ত্রকের সমস্ত কর্মচারীদের অনলাইন শিক্ষার সুবিধার্থে একটি iGOT ল্যাব স্থাপন করার নির্দেশ দিয়েছেন। এই উদ্যোগের ফলে মন্ত্রকের বার্ষিক সক্ষমতা বৃদ্ধির ক্যালেন্ডার এবং iGOT পোর্টালে কর্মীদের কর্মরত অবস্থার একটি ব্যাপক পর্যালোচনা সম্ভব হবে।

তথ্য ও সম্প্রচার সচিব সঞ্জয় জাজু ও অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তাদের সাথে পর্যালোচনা বৈঠকে, ডঃ মুরুগান নির্দেশ দেন যে ১৯ অক্টোবরের মধ্যে সমস্ত মন্ত্রণালয়ের কর্মচারীদের iGOT পোর্টালে যুক্ত হতে হবে।

*********************

**GB Hospital:**

আগামী মাসে আগরতলার জিবি হাসপাতালে আরো দুটি সুপার স্পেশালিটি পরিষেবা চালু হচ্ছে। হাসপাতালের সুপার ডাঃ শংকর চক্রবর্তী এ খবর জানান । তিনি জানান, এই দুটি সুপার

স্পেশালিটি পরিষেবা হলো গ্যাস্ট্রোএন্ট্রোলজি এবং গ্যাসটো সার্জারি। এজন্য দুজন বিশেষজ্ঞ চিকিৎসক কাজে যোগ দিয়েছেন। তিনি আরো বলেন, আগামী মাসের মধ্যে এ'দুটি সুপার স্পেশালিটির আউটডোর পরিষেবা চালু হচ্ছে। উল্লেখ্য জি বি হাসপাতালে গতবছর থেকে সুপার স্পেশালিটি পরিষেবা চালু হয়েছে। এরমধ্যে চারটি সুপার স্পেশালিটি পরিষেবা অন্তর্বিভাগে এবং পাঁচটি চালু রয়েছে বহির্বিভাগে।

*************************

**Pollution Control Board:**

সেন্ট্রাল পলিউশন বোর্ডের নির্দেশিকা মেনেই শব্দদূষণ ও বায়ু দূষণের ওপর নজরদারি জারি রেখেছে ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ। পর্ষদের সাইন্টিফিক অফিসার রাজীব পাল গতকাল একথা জানান। তিনি বলেন, বাতাসে সালফার ডাই অক্সাইড ও নাইট্রোজেন ডাই অক্সাইড ছাড়াও ধূলিকণার পরিমান মাপাতে জন্য দুদিনের জন্য আগরতলা শহরের দুটি স্থানে এয়ার মনিটরিং মেশিন বসানো রয়েছে।

************************

MSP:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরোহিত্যে অর্থনৈতিক বিষয়ক মন্ত্রিপরিষদ কমিটি ২০২৫-২৬ সালের বিপণন মরশুমের জন্য সমস্ত নির্ধারিত রবি ফসলের ন্যূনতম সহায়ক মূল্য বৃদ্ধির অনুমোদন দিয়েছে।

উৎপাদনেরকারীদের তাদের উৎপাদনের জন্য পারিশ্রমিক মূল্য নিশ্চিত করতে সরকার এমএসপি বৃদ্ধি করেছে। রেপসিড ও সরিষার জন্য এমএসপিতে সর্বোচ্চ বৃদ্ধি ঘোষণা করা হয়েছে প্রতি কুইন্টালে ৩০০ টাকা, মসুর ডালে প্রতি কুইন্টালে বেড়েছে ২৭৫ টাকা। মটর, গম, সূর্যমুখী ও বার্লির ক্ষেত্রে বৃদ্ধি প্রতি কুইন্টালে যথাক্রমে ২১০ টাকা, ১৫০ টাকা, ১৪০ টাকা এবং ১৩০ টাকা।

****************************

**Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছিল। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে বলে আবহাওয়া দপ্তর সুত্রে জানা গেছে।

**************************